



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230, Tel.: 09638012345

Ref: সার্কুলার নং- বিজিএ/এডমিন/২০২০/৭৯

১৯ মে ২০২০ইং

সম্মানিত সদস্যগণের জন্য

বিষয় : করোনা ভাইরাসজনিত কারণে উদ্ভূত পরিস্থিতিতে তৈরী পোশাক শিল্পের শ্রমিকগণ আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত বিধায় তাদের জন্য ঘর-ভাড়ার অর্থে মওকুফ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আসসালামু আলাইকুম।

উপর্যুক্ত বিষয়ে বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (স্থানীয় সরকার বিভাগ) কর্তৃক সংশ্লিষ্ট সকলের জন্য জারীকৃত নির্দেশনার অনুলিপি আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

মেজর মোঃ রফিকুল ইসলাম (অবঃ)

ভারপ্রাপ্ত সচিব

(একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.১৮.০০৪.২০.৫২৬


তারিখ: ২৮ বৈশাখ ১৪২৭
১১ মে ২০২০

বিষয় : করোনা ভাইরাসজনিত কারণে উদ্ধৃত পরিস্থিতিতে তৈরি পোশাক শিল্পের শ্রমিকগণ আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত বিধায় তাদের জন্য ঘরভাড়া অর্ধেক মওকুফ প্রসঙ্গে।

সূত্র : বিজিএমইএ হতে প্রাপ্ত পত্রের স্মারক বিজিএ/এডমিন/২০২০/৪৫৬০, তারিখ: ০৭ মে ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা মহামারির কারণে সারা বিশ্বের ন্যায় বাংলাদেশের অর্থনীতিও ক্ষতিগ্রস্ত হচ্ছে। বাংলাদেশের অর্থনৈতিক কর্মকাণ্ডের অন্যতম প্রধান খাত হল তৈরি পোশাক শিল্প। করোনা ভাইরাসজনিত মহামারির কারণে এ খাত বর্তমানে কঠিন চ্যালেঞ্জের সম্মুখীন। করোনা সংকটের কারণে প্রায় দুই মাস ধরে সারাদেশে সকল শিল্প কারখানা বন্ধ রাখা হয়। দেশের অর্থনীতি সচল রাখতে স্বাস্থ্য বিধি প্রতিপালন সাপেক্ষে সীমিত পরিসরে সম্প্রতি কিছু তৈরি পোশাক কারখানা চালু করা হয়েছে। দেশের বিভিন্ন অঞ্চল হতে শ্রমিকগণ ঢাকায় এসে পুনরায় কাজে যোগানদান করেছে। কিন্তু, শ্রমিকদের অধিকাংশই গত দুই মাস বেতন ভাতা পাননি। ফলে তাদের পক্ষে জীবিকা নির্বাহের পাশাপাশি বাসা ভাড়া নিয়মিত পরিশোধ করা সম্ভব হবে না। সার্বিক অবস্থা বিবেচনা করে তৈরি পোশাক শিল্পের শ্রমিকদের বাড়ি ভাড়া অন্ততঃ আগামী ৩(তিন) মাস ৫০% মওকুফের জন্য বিজিএমইএ এর পক্ষ হতে সূত্রস্থ স্মারকে অনুরোধ জানানো হয়েছে।

২। এমতাবস্থায়, করোনা ভাইরাসের প্রভাবে ক্ষতিগ্রস্ত তৈরি পোশাক শিল্পের শ্রমিকদের বর্তমান আয় ও আর্থসামাজিক অবস্থা বিবেচনায় নিয়ে তাদের ঘরভাড়া আগামী ৩ (তিন) মাস অন্ততঃ ৫০% মওকুফের জন্য কাউন্সিলরগণের নেতৃত্বে ওয়ার্ডভিত্তিক বাড়ির মালিকগণের সাথে সমঝোতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।



আ. ন. ম. ফয়জুল হক
উপসচিব

ফোন: ৯৫৭৩৬২৫

ই-মেইল: lgcc1@lgd.gov.bd

বিতরণ (কার্যার্থে):

প্রধান নির্বাহী কর্মকর্তা,

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ রাজশাহী সিটি কর্পোরেশন/ চট্টগ্রাম সিটি কর্পোরেশন/

খুলনা সিটি কর্পোরেশন/ বরিশাল সিটি কর্পোরেশন/ কুমিল্লা সিটি কর্পোরেশন/ সিলেট সিটি কর্পোরেশন/

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন/ রংপুর সিটি কর্পোরেশন/ গাজীপুর সিটি কর্পোরেশন/ ময়মনসিংহ সিটি কর্পোরেশন।

অনুলিপি জ্ঞাতার্থে:

- ১। জেলা প্রশাসক, ঢাকা/ চট্টগ্রাম/ নারায়ণগঞ্জ/ গাজীপুর/ ময়মনসিংহ।
- ২। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সভাপতি, বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ),
বাড়ি: ৭/৭এ, ব্লক-এইচ১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা-১২৩০।
- ৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।